

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০৭২.২২.০১১.২৩.১৭০

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১  
১ আগস্ট ২০২৪

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) কর্মরত শিক্ষকদের পারস্পারিক বদলী সংক্রান্ত নীতিমালা-২০২৪ প্রণয়ন।

- ১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) কর্মরত শিক্ষকদের পারস্পারিক বদলী সংক্রান্ত নীতিমালা-২০২৪ প্রণয়ন করা হল।
- ২। **শিরোনামঃ**
  - ২.১ এ নীতিমালা “এমপিওভুক্ত শিক্ষকদের পারস্পারিক বদলী নীতিমালা-২০২৪” নামে অভিহিত হবে।
  - ২.২ এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে।
- ৩। **প্রযোজ্যতাঃ**

NTRCA এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।
- ৪। **বদলির সাধারণ শর্তাবলীঃ**
  - ৪.১ শুধু সমপদে কর্মরত দু’জন শিক্ষকের লিখিত সম্মতিপত্রসহ পারস্পারিক বদলির আবেদনই বিবেচনা করা হবে।
  - ৪.২ চাকরির আবেদনে উল্লেখিত নিজ জেলা ব্যতীত অন্য জেলায় বদলির জন্য আবেদন করা যাবে না। তবে মহিলা আবেদনকারীগণ স্বামীর জেলায় বদলির জন্য আবেদন করতে পারবেন।
  - ৪.৩ নিয়োগপ্রাপ্ত শিক্ষকের চাকরি দুই বছর পূর্ণ হলে বদলির আবেদন করা যাবে।
  - ৪.৪ অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদন বিবেচনাযোগ্য হবে না।
  - ৪.৫ চাকরি জীবনে কেবল একবার বদলি হওয়ার সুযোগ থাকবে।
- ৫। **বদলির কর্তৃপক্ষঃ**

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা পারস্পারিক বদলির আবেদন নিষ্পত্তি করবেন।
- ৬। **আবেদন নিষ্পত্তি প্রক্রিয়াঃ**
  - ৬.১ বদলির সমগ্র প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হবে।
  - ৬.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সফটওয়্যার তৈরী ও অনলাইন আবেদনের ফরমেট নির্ধারণ করবে।
  - ৬.৩ প্রতিবছর ১৬ অক্টোবর থেকে ১৫ ডিসেম্বর মধ্যে অনলাইনে পারস্পারিক বদলীর জন্য আবেদন গ্রহণ করা হবে।

—A

- ৬.৪ অনলাইনে প্রাপ্ত আবেদন প্রতি বছর ৩১ ডিসেম্বর এর মধ্যে যাচাই বাছাইপূর্বক নিষ্পত্তি করতে হবে।
- ৬.৫ বদলীকৃত শিক্ষকদের ইনডেক্স পূর্বের প্রতিষ্ঠান থেকে বর্তমান প্রতিষ্ঠানে অন-লাইনে ট্রান্সফার করতে হবে।
- ৬.৬ বদলীকৃত শিক্ষকদের এমপিও ও অন্যান্য আর্থিক সুবিধাদি এবং জৈষ্ঠ্যতার ধারাবাহিকতা পূর্ববৎ বজায় থাকবে।

৭। **বিবিধঃ**

- ৭.১ বদলির আবেদন অধিকার হিসাবে দাবী করা যাবে না।
- ৭.২ বদলিকৃত শিক্ষকগণ কোন ধরনের টিএ/ডিএ ভাতা পাবেন না।
- ৭.৩ আদেশ জারির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বদলীকৃত শিক্ষকের অবমুক্তি নিশ্চিত করবেন।
- ৭.৪ অবমুক্ত হওয়ার পরবর্তী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান যোগদানের বিষয়টি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ অধিদপ্তর-কে অবহিত করবে।

৩১/০৭/২০২৪

স্বাক্ষরিত

(সোলেমান খান)

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০৭২.২২.০১১.২৩.১৭০

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১  
১ আগস্ট ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (গ্রেড-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/কলেজ/নিরীক্ষা ও আইন/বিশ্ববিদ্যালয়/পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল) .....
৬. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত্র, ঢাকা।
৮. যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক/সরকারি মাধ্যমিক/আইন ও শৃঙ্খলা/উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মানীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর/ময়মনসিংহ।
১১. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১৩. জেলা প্রশাসক (সকল) ..... ঢাকা।



১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল) .....
১৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) .....
১৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) .....
১৯. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০. জেলা শিক্ষা অফিসার (সকল) .....
২১. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) .....
২২. অধ্যক্ষ .....
২৩. প্রধান শিক্ষক .....



০২.০৬.২৪

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫০৩৪১

nongovt.secondary.sec1@shed.gov.bd